

# এমপিওভুক্তির দাবিতে অবরোধ কর্মবিরতি, মানববন্ধন

প্রথম আলো ডেক

শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত করার দাবিতে দেশের বিভিন্ন স্থানে গতকাল, সোমবার বিকোভ-সমাবেশ, মানববন্ধন, সড়ক অবরোধ ও কর্মবিরতি পালিত হয়েছে। এর মধ্যে গোপালগঞ্জের কাশিয়ানী উপজেলায় একটি বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা ঢাকা-খুলনা মহাসড়ক অবরোধ করলে তাদের হটতে পুলিশ লাঠিখেঁচা করে বলে অভিযোগ উঠেছে। সিরাজগঞ্জ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের প্রায় এক হাজার শিক্ষক-কর্মচারী হাটিকুমরুল গোলচত্বর এলাকায় সড়ক অবরোধ করে সমাবেশ করেন। জামালপুরের ফেলাদহ ও মাদারগঞ্জ উপজেলায় কর্মবিরতি পালন করেছেন ১০৯টি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা। এ ছাড়া খুলনায় এমপিও-বঞ্চিত শিক্ষাপ্রতিষ্ঠানগুলো কয়েক দিনের আন্দোলনের কর্মসূচি ঘোষণা করেছে। আমদেদের নিজস্ব প্রতিবেদক ও প্রতিনিধিদের পাঠানো খবর:

**গোপালগঞ্জ:** এমপিওভুক্তির দাবিতে গোপালগঞ্জের কাশিয়ানী উপজেলার এম এ খালেদ নিহামাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও ব্যবস্থাপনা কর্মীদের সদস্যরা গতকাল ঢাকা-খুলনা মহাসড়ক অবরোধ করেন।

বিদ্যালয়ের দাতা সদস্য ফয়েজুল্লাহমান জামান, সকাল নয়টার দিকে কাশিয়ানীর পেনা এলাকায় শিক্ষক-শিক্ষার্থীরা

গোপালগঞ্জের  
কাশিয়ানীতে  
শিক্ষক-শিক্ষার্থীরা  
ঢাকা-খুলনা  
মহাসড়ক অবরোধ  
করেন।

ব্যানার নিয়ে মহাসড়কের ওপর বাসে অবরোধ করে। খবর পেতে সাড়ে নয়টার দিকে কাশিয়ানী থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে লাঠিখেঁচা করে তাদের হটিয়ে দেয়। পুলিশ বিদ্যালয়টির ব্যবস্থাপনা কর্মীদের সভাপতি আবু হোসেন মোরা, ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক কাজী নূরুল আলম, সদস্য আইয়ুব মিয়া, প্রশিক্ষক আশরাফ আলীসহ ছয়জন ছাত্রকে আটক করে থানা নিয়ে যায়।

লাঠিখেঁচার অভিযোগ অস্বীকার করেছেন কাশিয়ানী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মেজবাহ উদ্দিন। তিনি জানান, আটক ব্যক্তিদের মুচলেকা নিয়ে বিকলে ছেড়ে দেওয়া হয়।

**সিরাজগঞ্জ:** সিরাজগঞ্জে এমপিওভুক্ত হইনি এমন শতাধিক শিক্ষাপ্রতিষ্ঠানের প্রায় এক হাজার শিক্ষক-কর্মচারী গতকাল দুপুর ১২টার দিকে জেলার হাটিকুমরুল গোলচত্বর এলাকায় সড়ক অবরোধ রেখে সমাবেশ করেন। সমাবেশে নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী সমিতির সিরাজগঞ্জ জেলা শাখার সভাপতি আবু ইউসুফের সভাপতিত্বে বক্তব্য দেন শিক্ষক নেতা আবদুল লতিফ, শহিদুল ইসলাম, ফজলুল করিম, আনোয়ার হোসেন, আবদুল জলিল, শেখ শাহেন আলী, মো. কামরুজ্জামান, মো. মাদুন রানা প্রমুখ।

এ সময় ঢাকা-বগুড়া ও ঢাকা-সাজগাঁও মহাসড়কের এই ছানে শত শত যানবাহন একপর পৃষ্ঠা ২১ কলাম ৪

# এমপিওভুক্তির দাবিতে অবরোধ কর্মবিরতি, মানববন্ধন

শেষ পৃষ্ঠার পর

জাটকা পড়ে। খবর পেতে হাটিকুমরুল হইগুয়ে থানা ও সঙ্গী থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তাঁদের মহাসড়ক থেকে সরিয়ে দেয়।

**জামালপুর:** এমপিওভুক্ত করার দাবিতে জেলার ফেলাদহ ও মাদারগঞ্জ উপজেলার ১০৯টি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা দিনব্যাপী কর্মবিরতি পালন করেছেন।

এমপিও-বঞ্চিত মাদারগঞ্জ উপজেলার মুখুমারি মির্জা আবুল কাশেম উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক মোশারফ হোসেন জানান, পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী ফেলাদহ ও মাদারগঞ্জ উপজেলার ০৪টি বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মবিরতি পালিত হয়েছে। এ ছাড়া দুই উপজেলার এমপিওভুক্ত আরও প্রায় ১০৫টি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরাও এই কর্মসূচির সঙ্গে একাত্মতা ঘোষণা করে কর্মবিরতি পালন করেছেন।

মোশারফ হোসেন আরও জানান, পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী আজ মঙ্গলবার বেলা ১১টায় জামালপুরে সড়ক ও রেলপথ অবরোধ এবং আগামী বৃহস্পতিবার ঢাকায় হইপ মির্জা আজমের কার্যালয়ের সামনে অবস্থান কর্মসূচি পালন করা হবে।

**লালমনিরহাট:** লালমনিরহাটে হযরত ফাতেমাতুজ্জাহারা (রা.) মহিলা দাখিল মাদ্রাসাকে এমপিওভুক্ত করার দাবিতে শিক্ষক ও শিক্ষার্থীরা মানববন্ধন ও সংবাদ সংকলন করেছেন। সকাল সাড়ে ১০টার দিকে সদর উপজেলার গোতুড়া ইউনিয়নের রংপুর-কুড়িগ্রাম মহাসড়কের তিন্তা বাসস্ট্যান্ড এলাকায় মানববন্ধন হয়।

প্রায় আধা ঘণ্টা মানববন্ধন শেষে মাদ্রাসা মসজিদে সংবাদ সংকলনে লিখিত বক্তব্য পাঠ করেন মাদ্রাসার সুপার মো. মুজিবুর রহমান। এ সময় মাদ্রাসার অন্যান্য শিক্ষক ছাড়াও শিক্ষার্থীদের অতিভাবকরা উপস্থিত ছিলেন।

খুলনা: যোগাভাসম্পন্ন শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে এমপিওভুক্ত করে নতুন তালিকা প্রকাশের দাবিতে খুলনায় শিক্ষক-কর্মচারীরা আন্দোলনের কর্মসূচি ঘোষণা করেছেন। ১৩ মে বেলা ১১টায় নগরের পিকচার প্যালেস মোড়ে মানববন্ধন, ১৬ মে বেলা ১১টায় নতুন রাস্তা মোড়ে সড়ক অবরোধ এবং ২১ মে সকাল আটটা থেকে শহীদ হাদিস পার্কে আমরণ অনশন কর্মসূচি পালিত হবে। গতকাল সোমবার সকালে খুলনা প্রেসক্লাবে সংবাদ সংকলন করে শিক্ষক নেতারা এই কর্মসূচি ঘোষণা করেন।

নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদের খুলনা শাখার সভাপতি অধ্যক্ষ গোলাম মাহমুদুল্লাহসহ সংগঠনের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মো. কামাল হোসেন, খুলনা জেলার

সাধারণ সম্পাদক মো. ইদ্রিস আলীসহ শিক্ষক নেতারা সংবাদ সংকলনে উপস্থিত ছিলেন।

**কালাই (জয়পুরহাট):** জয়পুরহাট জেলার তিনটি শিক্ষাপ্রতিষ্ঠানকে নতুন করে এমপিওভুক্ত করা হয়েছে। প্রতিষ্ঠানগুলো হলো জেলার কালাই পৌর সদরের কলাই মহিলা ডিগ্রি কলেজ, কেতলাল উপজেলার কৃষ্ণনগর দক্ষিণ মড্রাসা ও সদর উপজেলার মঙ্গলবাড়ী মহেজ মেমোরিয়াল কলেজ। গতকাল সকালে শিক্ষাপ্রতিষ্ঠানে এসে শিক্ষক ও কর্মচারীরা এ খবর জানতে পারেন। এরপর তাঁরা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে মিষ্টি বিতরণ করেন।

[প্রতিবেদনটি তৈরিতে সহায়তা করেছেন আমদেদের নিজস্ব প্রতিবেদক খুলনা ও সিরাজগঞ্জ এবং কালাই (জয়পুরহাট), লালমনিরহাট, গোপালগঞ্জ ও জামালপুর প্রতিনিধি।]